

## ■■ শিয়া আকীদা সম্পর্কে ইবন তাইমিয়্যার মিনহাজুস সুন্নাহ থেকে নির্বাচিত কিছু কথা

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

৫৮. প্রশ্ন: খোলাফায়ে রাশেদীনের বিরুদ্ধে আহলে বাইতের পক্ষ থেকে কোনো প্রমাণিত সত্য বর্ণনা আছে কি?

৫৮. উত্তর: আহলে বাইতের সকল আলেম, অর্থাৎ বনু হাশিমের তাবেয়ীগণ এবং তাঁদের অনুসারী হোসাইন ইবন আলী রাদিয়াল্লাহু 'আনহুমার বংশধর ও হাসান রাদিয়াল্লাহু 'আনহুর বংশধর প্রমুখের নিকট থেকে সঠিকভাবে প্রমাণিত বর্ণনা রয়েছে যে, তাঁরা আবূ বকর ও ওমর রাদিয়াল্লাহু 'আনহুমাকে অভিভাবক ও বন্ধুরূপে গ্রহণ করতেন এবং তাঁরা তাঁদেরকে আলী রাদিয়াল্লাহু 'আনহুর উপরে মর্যাদা দিতেন; আর এই প্রসঙ্গে তাঁদের নিকট থেকে মুতাওয়াতির সনদে অনেক বর্ণনা সাব্যস্ত বা প্রমাণিত আছে। [পূ. ৩৯৬, ৭ম খণ্ড]।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12691

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন